২০৭

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
" পল্লী ভবন"
৫, কাওরান বাজার, ঢাকা ।
Website: www.brdb.gov.bd

স্মারক নং-৪৭.৬২.০০০০.৫০২.১৬.১৫৩.১২. ৭৭৬১ তারিখঃ ৬১ /১০/২০১৮খ্রিঃ।

বিষয়ঃ সরেজমিন বিভাগের ঋণ শাখায় প্রেরিত আবর্তক (কৃষি) ঋণ কার্যক্রমের ৩৯ কলাম রিপোর্টের শিরোনাম পরিবর্তন ও স্পষ্টীকরণ।

সূত্রঃ সদর দপ্তরের স্মারক নং-৪৭.৬২.০০০০.৫০২.১৬.১৫৩.৯২.৬৫৮৫,তারিখঃ ১৭/০৯/২০১৮খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত স্মারকপত্রের পরিপ্রেক্ষিতে বিভিন্ন জেলা হতে প্রাপ্ত প্রতিবেদন পর্যালোচনা করে জেলা উপজেলার প্রাপ্ত তথ্যের সাথে সদর কার্যালয়ের তথ্যের গরমিল পরিলক্ষিত হওয়ায় ইউসিসিএলিঃ এর মাধ্যমে পরিচালিত আবর্তক (কৃষি) ঋণ তহবিল এর সঠিক হিসাব উপজেলা ও জেলাওয়ারী সংরক্ষণ এবং বিতরণযোগ্য তহবিল এর তদরকী করার জন্য সরেজমিন বিভাগের ঋণ শাখায় প্রেরিত আবর্তক (কৃষি) ঋণ কার্যক্রমের ৩৯ কলাম রিপোর্টের ৩,৪ ও ৫ নং কলামের শিরোনাম পরিবর্তন ও ১৪,১৫,১৬,১৮,১৯,২০ ও ৩৭ নং কলামের বিষয়ে নিম্নরুপভাবে স্পষ্টীকরণ করা হলোঃ

কলামের শিরোনাম পরিবর্তনঃ

১। ৩নং কলামের শিরোনাম **সদর দপ্তর থেকে প্রাপ্ত** এর পরিবর্তে **আবর্তক(কৃষি) ঋণের মুল তহবিল** হবে।
(সদর দপ্তর ও অন্য উপজেলা থেকে প্রাপ্ত তহবিল থেকে অন্য উপজেলায় স্থানান্তরের পরবর্তী অবশিষ্ট তহবিলই মুল তহবিল)।

২। ৪নং কলামের শিরোনাম **অন্য উপজেলা থেকে প্রাপ্ত** এর পরিবর্তে **৯২ পূর্ব ভর্তুকীর স্থানান্তরিত অর্থ** হবে।

৩। ৫নং কলামের শিরোনাম **অন্য উপজেলায় স্থানান্তর** এর পরিবর্তে **অন্য প্রকল্প থেকে স্থানান্তরিত অর্থ** হবে।
(টাঙ্গাইল সেচ,এফএও,সরিষাবাড়ী,সেচযন্ত্রের বিক্রয়লব্ধ অর্থ)

কলামের স্পষ্টীকরণঃ

১। ১৪ ও ১৫ নং কলামে ঋণ গ্রহিতা সমিতির সংখ্যা যথানিয়মে বসবে কিন্তু ১৬ নং কলামে শুধুমাত্র নতুন সমিতি অন্তর্ভুক্ত হলে পূর্বের ক্রমপুঞ্জিত সমিতির সাথে নতুন সমিতি যোগ হবে নতুবা একই থাকবে।

২। ১৮ ও ১৯ নং কলামে ঋণ গ্রহিতা সদস্য সংখ্যা যথানিয়মে বসবে কিন্তু ২০ নং কলামে শুধুমাত্র নতুন সদস্য অন্তর্ভুক্ত হলে পূর্বের ক্রমপুঞ্জিত সদস্যের সাথে নতুন সদস্য যোগ হবে নতুবা একই থাকবে।

৩। ৩৭ নং কলামে বিতরণযোগ্য তহবিল এর যে অর্থ ব্যাংকে অবশিষ্ট থাকবে তা হবে ।

৪। মাসিক রিপোর্টের তথ্য অবশ্যই সাধারণ খতিয়ানের সাথে মিল থাকতে হবে।

মোঃ মাহমুদুল হোসাইন খান
(যুগ্মসচিব)
পরিচালক(সরেজমিন)
ফোনঃ৮১৮০০০৬

উপপরিচালক,বিআরডিবি
জেলা দপ্তর (সকল)।

জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপিঃ
১। উপপরিচালক (প্রোগ্রামিং) বিআরডিবি,ঢাকা (ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধসহ)।
২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।